

কৃষিই সমৃদ্ধি

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫ অধিশাখা
www.moa.gov.bd



নম্বর: ১২.০০.০০০০.০২৪.৯৯.০১০.১৮.২২

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৭

০৬ মে ২০২০

অফিস আদেশ

কৃষি মন্ত্রণালয়ের পত্র নং ১২.০০.০০০০.০৫২.৯৯.০১৫.২০-২০৫, তারিখ: ২ মার্চ ২০২০ মারফত কৃষি মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কর্মকর্তাদের ৬৪টি জেলার “বঙ্গবন্ধু কৃষি উৎসব” মনিটরিংয়ের দায়িত্ব প্রদান করা হয়। করোনাভাইরাস জনিত পরিস্থিতিতে কৃষি কার্যক্রম মনিটরিংয়ের জন্য কর্মকর্তাদের বর্ণিত পত্রে উল্লিখিত ৬৪ জেলার দায়িত্ব প্রদান করা হলো।

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের কর্মপরিধি:

(ক) নিম্নবর্ণিত বিষয়াদি তদারকি ও পরিবীক্ষণ:

- মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে খাদ্য উৎপাদন ব্যবস্থা চালু রাখতে, অধিক ফসল উৎপাদন করতে, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে ও কোন জমি যেন পতিত না থাকে সে বিষয়ে কি কি ব্যবস্থা গৃহীত হয়েছে;
- বোরো কর্তনের অগ্রগতি, কৃষি যন্ত্রপাতি ব্যবহার, শ্রমিকের চাহিদা ও যোগান;
- আউশে প্রণোদনা, আউশের বীজতলা ও বপন;
- পারিবারিক ‘সবজি-পুষ্টি বাগান’ স্থাপনের অগ্রগতি;
- খাদ্য মন্ত্রণালয় কর্তৃক খান ক্রয়ের জন্য কৃষকের তালিকা প্রদানের অগ্রগতি;
- সবজি, ফল, ফুল ও অন্যান্য কৃষিপণ্য বিপণনে সহায়তা প্রদান;
- প্রণোদনার আওতায় ৪% সুদে ১৯,৫০০ কোটি টাকা কৃষি ঋণ গ্রহণে কৃষককে সহায়তা প্রদান।

(খ) কৃষি উৎপাদন বৃদ্ধিতে অন্যান্য কার্যক্রম, সমস্যা/চ্যালেঞ্জ, সুপারিশ অথবা অন্যবিধ বিষয়ে কর্তৃপক্ষকে নিয়মিত অবহিত করা।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৭-৫-২০২০

কাজী আব্দুর রায়হান

উপসচিব

ফোন: ৯৫৪০৬২৬

ইমেইল: admin5@moa.gov.bd

নম্বর: ১২.০০.০০০০.০২৪.৯৯.০১০.১৮.২২/১(৮৬)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৭

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) কৃষি মন্ত্রণালয়ের অনুবিভাগ প্রধানগণ ও সকল শাখা/অধিশাখা
- ২) কৃষি মন্ত্রণালয়ের সকল দপ্তর/সংস্থার প্রধান গণ (তঁার অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অবহিত করার অনুরোধসহ)
- ৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল জেলা)
- ৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
- ৫) মাননীয় মন্ত্রীর সহকারী একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়
- ৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়



৭-৫-২০২০

কাজী আব্দুর রায়হান
উপসচিব